



নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২১ খৃষ্টাব্দ; ১৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ, বৃহস্পতিবার, সময়: সকাল ১১:০০ টা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটির ১ম সভা কমিটির সভাপতি ও মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে ৩০.০৯.২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন:

১. প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
২. প্রফেসর ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (শিক্ষা) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
৩. প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
৪. জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
৫. জনাব ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
৬. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি।

উপাচার্য মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য সচিব, নৈতিকতা কমিটি এবং রেজিস্ট্রার, বাউবি-কে নির্দেশ দেন। অতঃপর সভার সদস্য-সচিব ও রেজিস্ট্রার, বাউবি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে মাননীয় সভাপতির নির্দেশক্রমে আলোচ্যসূচি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।

আলোচনা ও সিদ্ধান্ত

নৈতিকতা কমিটির কার্যপরিধির বিষয়ে সভার সদস্য-সচিব সকলকে অবগত করেন। বাউবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গঠিত সেবা প্রদান কর্মপরিকল্পনা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, ই-গভর্ন্যান্স ও উদ্ধাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে অগ্রগতি এবং পরবর্তী পদক্ষেপের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. অভিযোগ দাখিলের জন্য একটি বাউবিতে এ্যাপস তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। এ্যাপসটি এমনভাবে প্রস্তুত করতে হবে যার মাধ্যমে অভিযোগকারী অন-লাইনে অভিযোগ দাখিল করতে পারবেন এবং অভিযোগটি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট স্কুল/বিভাগ/আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক অথবা সংশ্লিষ্ট নিষ্পত্তিকারীর নিকট স্বয়ংক্রিয়ভাবে চলে যাবে। নিষ্পত্তিকারী নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করবেন এবং নিষ্পত্তিকৃত জবাবটি অভিযোগকারীর নিকট স্বয়ংক্রিয়ভাবে চলে যাবে। কিভাবে অভিযোগসমূহ নিষ্পত্তি হচ্ছে তা মনিটরিং এর ব্যবস্থা থাকবে।
২. প্রতিটি স্কুল, বিভাগ, কেন্দ্র, সেল, আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রকে ২০২১-২২ অর্থবছরের নিম্নলিখিত বিষয়ের ত্রৈমাসিকের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী ২০.১০.২০২১

স্বাক্ষর

স্বাক্ষর




তারিখের মধ্যে নিম্নের ছকে উল্লিখিত সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিব-এর নিকট হার্ডকপি এবং ই-মেইলে সফটকপি প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রম নং	বিষয়	সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিব/ সংশ্লিষ্ট কর্মকর্তা	সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিব ই-মেইল ঠিকানা
১.	বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা	জনাব মোঃ হিমায়ত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ।	hemayctMiah94@gmail.com
২.	সেবা প্রদান কর্মপরিকল্পনা	জনাব মোঃ আব্দুল্লাহ আল কাফি, যুগ্ম-পরিচালক, সাধা: প্রশাসন।	alkafiabdullah@yahoo.com
৩.	শুদ্ধাচার বাস্তবায়ন কর্ম- পরিকল্পনা	জনাব নাজনীন আখতার, যুগ্ম- পরিচালক (কাউন্সিল)।	nazncen.bou.12@gmail.com
৪.	উদ্ভাবন কর্ম-পরিকল্পনা	জনাব নারগিস আক্তার, যুগ্ম- পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ।	nargis.comilla@gmail.com
৫.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপ- পরিচালক, সাধা: প্রশাসন।	mjalalm79@gmail.com

৩. উপরিউক্ত কর্মপরিকল্পনাগুলো পাওয়ার পর নৈতিকতা কমিটি কর্মপরিকল্পনাগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নের বিষয়টি মনিটরিং করবে এবং নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট স্কুল, বিভাগ, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র বাস্তবায়ন করতে না পারলে তা যৌক্তিক কারণসহ রিপোর্ট প্রদান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
৪. ২৪/৭ চালু থাকতে সক্ষম সমন্বিত ও পূর্ণাঙ্গ কল সেন্টার সক্রিয় করার ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৫. বিভিন্ন প্রোগ্রামের পরীক্ষার ফলাফল সঠিক এবং নির্ভুলভাবে যথাযথ সময়ের মধ্যে প্রকাশের অন্তরায় গুলো চিহ্নিত করে তা উত্তোরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আরও সচেষ্ট হওয়ার বিষয়ে সকলে ঐক্যমত পোষণ করেন।
৬. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বাউবি'র শুদ্ধাচার কমিটির গৃহীত পদক্ষেপের ত্রৈমাসিক (জুলাই ২০২১-সেপ্টেম্বর ২০২১) প্রতিবেদনটিতে অন-লাইনে অংশগ্রহণকারীর ছবি সংযুক্ত করে মোট অংশগ্রহণকারীর সংখ্যা উল্লেখপূর্বক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
ড. মহাঃ শফিকুল আলম  
রেজিস্ট্রার

ও  
সচিব-সদস্য, নৈতিকতা কমিটি  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

  
অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার  
উপাচার্য

ও  
সভাপতি, নৈতিকতা কমিটি  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।